

Subject Bengali

2nd language

Worksheet

Class-2

কবিতা

আমাদের গ্রাম।

কবি

বন্দে আলী মিয়া।

কবিতার সারসংক্ষেপ

আমাদের গ্রাম কবিতায় কবি বন্দে আলী মিয়া তার ছোট্ট একটি সুন্দর গ্রামের কথা এই কবিতায় বলেছেন। তার ছোট্ট গ্রামে ছোট ছোট ঘর আছে, সেখানে কবি এবং আরো সবাই মিলেমিশে থাকে। কেউ পর নয় সবাই নিজের। পাড়ার সকল ছেলেরা মোরা অর্থাৎ কবি এবং আরো সকলে ভাই ভাই। তারা একসাথে খেলা করে, একসাথে পাঠশালায় যায়। তখনকার দিনে তো বিদ্যালয় বা স্কুল গ্রামে ছিল না তাই সবাই একসাথে পাঠশালা অর্থাৎ যেখানে পাঠ অর্থাৎ পড়ানো হতো সেই সেই জায়গায় সবাই একসাথে পড়তে যেত। হিংসা ও মারামারি কেউ কোনদিন করতো না। একে অপরের সঙ্গে মিলেমিশে থাকতো।

পিতা-মাতা অর্থাৎ বাবা-মা, গুরুজনদের সবাই ভয়
করতো এবং সম্মান করতো।

কবির ছোট গ্রাম তার মায়ের সমান। মা যেমন তার
শিশুদের খাবার দিয়ে আশ্রয় দিয়ে যত্ন করে লালন পালন
করেন, সুরক্ষিত রাখেন। ঠিক ছোট গ্রামটিকে যেন মা
কবি এবং গ্রামের আরো সবাইকে আলো দিয়ে, বায়ু দিয়ে
মাঠ ভরা ধান এবং দিঘী ভরা জল দিয়ে সবার প্রাণ বাঁচিয়ে
রেখেছে। ঠিক যেন মায়ের মতো। সেই জলভরা দীঘিতে
চাঁদের কিরণ কথা চাঁদের আলো লেগে জলটা ঝিকমিকি
করে চকচক করে। আমগাছ জামগাছ বাঁশ ঝাড় বাঁশের
বাগান বা বাঁশের জঙ্গল যেন সবাই একসাথে মিলেমিশে
আছে আম জাম গাছ বাঁশ সবাই একসাথে যেন এরা একই
পাড়া-প্রতিবেশী লোক। প্রতিদিন সকালে সোনার রবি
অর্থাৎ সূর্য পূর্ব দিকে উঠে এবং গ্রামকে আলোয় আলোয়
ভরিয়ে দেয়। সকাল হলে পাখি ডাকে বায়ু অর্থাৎ বাতাস
বয়ে চলে এবং বাগানে, গাছে নানা ফুল ফোটে। কবির গ্রাম
খুব সুন্দর। কবি কবি বন্দে আলী মিয়া আমাদের গ্রাম
কবিতাটির মধ্যে দিয়ে তার গ্রামের সুন্দর বর্ণনা দিয়েছেন
এবং গ্রামকে মায়ের সমান করে দেখেছেন।

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) আমাদের গ্রাম কবিতাটির কবির নাম লেখ।

খ) আমাদের ছোট গ্রাম কার সমান?

গ) কারা হিংসা ও মারামারি কখনো করে না ?

ঘ) সকালে পূর্ব দিকে কি ওঠে ?

২) নিচের কথাগুলোর অর্থ বা মানে লেখ।

কভু-

পাঠশালা-

ডরি-

পড়শী-

বায়ু-

রবি-

৩) ফাঁকা জায়গায় ঠিক কথাটি বসাতো।

আমাদের ছোট_____ ছোট ছোট_____ ,

থাকি সেথা_____ মিলে নাহি কেহ_____ ।

পাড়ার সকল ছেলে মোরা ভাই_____ ,

একসাথে খেলি আর_____ যাই।

_____ ও মারামারি_____ নাহি করি।

পিতা-মাতা_____ সদা মোরা ডরি।

৪) সঠিক উত্তরের পাশে(টিক)চিহ্ন দাও।

ক) (চাঁদের/তারার) কিরণ লেগে করে ঝিকিঝিকি ।

খ) পাড়ার সকল ছেলে মোরা (ভাই ভাই/ বোন বোন) ।

গ) মিলে মিশে আছে ওরা (পড়শী/পাখি) হেন ।

বাড়ির কাজ:

আমাদের গ্রাম কবিতা টি শেষে ৬ লাইন মুখস্ত করো এবং
কবির নাম লেখ।
